**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন |**

**(২) মুম্বাইয়ে আয়োজিত ওয়েভস ২০২৫ আজ শেষ হয়েছে।**

**(৩) আগরতলা থেকে পাঞ্জাবের সানোয়াল পর্যন্ত পার্সেল ট্রেন চালু হল।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে।**

**************************************************

## C.M visit of AMC area:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলা পুর নিগমের ১৬, ২০ ও ৩২ নম্বর ওয়ার্ড এলাকার বিভিন্ন উন্নয়ন কাজ সরেজমিনে পরিদর্শন করেন। তাঁর সঙ্গে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ পুর কাউন্সিলরগন ও বিভিন্ন দপ্তরের আধিকারীকরা উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী শহরের বিভিন্ন জায়গায় যে পাকা নর্দমা ও কভার ড্রেন তৈরির কাজ হচ্ছে তা পরিদর্শন করেন এবং কাজের গুণগতমান বজায় রাখার ব্যপারে আধিকারিকদের প্রয়োজনীয় নির্দেশ দেন। তিনি হাওড়া নদীর পাড়ে বাঁধের সৌন্দর্যায়নের কাজ পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী আগরতলা শান্তিপাড়ার পুকুরটি সংস্কার ও সৌন্দর্যায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে বলেন ।মুখ্যমন্ত্রী ক্ষেত্রমোহন স্কুলে নতুন ভবন

নির্মানের কাজ এবং রামনগর এক নম্বর রোডের বিভিন্ন উন্নয়ন কাজও পরিদর্শন করেন।

*************************

**Waves:**

এবারে ওয়েভস ২০২৫-এর খবর।

#######Sound Byte#######

প্রথম বিশ্ব দৃশ্য-শ্রাব্য এবং  বিনোদন সম্মেলন ওয়েভস ২০২৫ আজ মুম্বাইয়ে শেষ হয়েছে।এই সম্মেলনে ৯০ টিরও বেশি দেশ থেকে দশ হাজারেরও বেশি প্রতিনিধি অংশগ্রহণ করছেন। শেষ দিনে চলচ্চিত্র নির্মাণ উপর মাস্টার ক্লাস হবে। গত বৃহস্পতিবার চার দিনব্যাপী এই সম্মেলনের সূচনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। 'কানেক্টিং ক্রিয়েটরস, কানেক্টিং কান্ট্রিজ' ট্যাগলাইন সহ  এই সম্মেলন ভারতকে মিডিয়া, বিনোদন এবং ডিজিটাল উদ্ভাবনের জন্য একটি বৈশ্বিক কেন্দ্র হিসেবে তুলে ধরেছে।  এই সম্মেলনকে কেন্দ্র করে চলচ্চিত্র, সঙ্গীত, রেডিও, ভিএফএক্স, এবং অ্যানিমেশন সেক্টর জুড়ে ৮00 কোটি টাকারও বেশি ব্যবসায়িক লেনদেন নথিভুক্ত হয়েছে। আগামী দিনে এই লেনদেন ১,000 কোটি টাকা ছাড়িয়ে যাবে বলে ধারণা করা হচ্ছে।

এবার শুনুন ওয়েভস ২০২৫ নিয়ে একটি প্রতিবেদন...............

#######Rahul Voice Over#######

#######Sound Byte#######

*************************

**PM Surja ghar:**

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ বলেছেন, পিএম সূর্যঘর মুফত বিজলি যোজনা প্রকল্পে ইতিমধ্যেই ত্রিপুরা রাজ্যে ৭০ জন গ্রাহক সোলার সিস্টেমে বিদ্যুৎ উৎপাদন করে ৩০ হাজার ৯০২ টাকার বিদ্যুৎ নিগমে বিক্রি করতে সক্ষম হয়েছেন। এই প্রকল্পে ২০২৫ সালের ১লা মে পর্যন্ত ১৩ হাজার ৫৩৬ জন অনলাইন পোর্টালে আবেদন করেছেন এবং ২৬৬ জনের বাড়িতে সোলার প্ল্যান্ট বসানোর কাজ শেষ হয়েছে। তাদের মধ্যে সরকারি ভর্তুকি পেয়েছেন ১৮৪ জন। বাকীরা ভর্তুকীর জন্য আবেদন করলে এক মাসের মধ্যেই এই টাকা পেয়ে যাবেন। তিনি বলেন, এই প্রকল্পে সরকারি ভর্তুকীর সুবিধা ২০২৭ সালের মার্চ মাস পর্যন্ত পাওয়া যাবে। এদিন বিদ্যুৎ দপ্তর এবং নিগমের উন্নয়নমূলক কাজকর্মের বিস্তারিত তুলে ধরেন ।

**************************

## TRBT TET-1

আজ রাজ্যে টিআরবিটি পরিচালিত টেট-১ পরীক্ষা অনুষ্ঠিত হয় | মোট ৯০০২ জন পরীক্ষার্থীর মধ্যে ৮ হাজার ২৪০ জন পরীক্ষায় বসেন |

এদিকে, দক্ষিন জেলার চারটি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় বসেন ১৫২৮ জন পরীক্ষার্থী|

উল্লেখ্য, গত ২৭শে এপ্রিল টেট-২ পরীক্ষা অনুষ্ঠিত হয়|

**************************

## NIIT:

আজ নির্বিঘ্নে নিট ইউ.জি. পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। রাজ্যে ৪ হাজার ৮৯২ জন ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় বসেছিল| মোট ১১টি পরীক্ষাকেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হয়।

**************************

**Cancer Hospital:**

আজ ধর্মনগরে ক্যান্সার হাসপাতাল অ্যান্ড রিসার্চ সেন্টারের নির্মাণ কাজের উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। উদ্বোধনী ভাষণে অধ্যক্ষ শ্রী সেন জানান, এই হাসপাতাল চালু হলে শুধুমাত্র উত্তর ত্রিপুরা জেলা নয়, রাজ্যের বিভিন্ন প্রান্তের ক্যান্সার রোগীরা উপকৃত হবেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

**Parcel Train:**

আজ আগরতলা থেকে পাঞ্জাবের সানোয়াল পর্যন্ত পার্সেল ট্রেন চালু হয়েছে। আগরতলা রেল ষ্টেশনে পার্সেল ট্রেন চালুর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর পূর্ব রেলের লামডিং ডিভিশনের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার সমীর লোহানি, সিনিয়র ডিসিএম অমিতাভ কুমার মিশ্র, এভিজি লজিস্টিক সংস্থার জেনারেল ম্যানেজার সঞ্জয় শর্মা প্রমুখ।

এ বিষয়ে আমাদের প্রতিনিধি মেঘধন দেবের একটি প্রতিবেদন শুনুন…………

#########Voice Over #########

*************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লিতে তাঁর বাসভবনে বিমান বাহিনী প্রধান, এয়ার চিফ মার্শাল এপি সিং-এর সঙ্গে বৈঠক করেছেন। পাহালগামে সন্ত্রাসী হামলার পর ভারত-পাকিস্তানের মধ্যে ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে এই বৈঠক হয়।

*************************

**Drive Against Drug:**

নেশামুক্ত ত্রিপুরা গঠনের আহ্বান জানিয়ে আজ আগরতলার ভট্টপুকুর এলাকায় বিজেপি'র যুবমোর্চার উদ্যোগে অভিযান সংগঠিত করা হয়।এই অভিযানে এলাকার কয়েকজন নেশা কারবারির বাড়ি থেকে নেশাদ্রব্য উদ্ধার করা হয় এবং এক নেশা কারবারিকে আটক করে পুলিশের হাতে তুলে দেওয়া হয় বলে সংগঠনের স্থানীয় সভাপতি পদ্মনাভ সাহা জানিয়েছেন|

*************************

**Blood donation Camp:**

আগরতলার মলয়নগর রবিপাড়াস্থিত শ্রীমা মনমোহিনী মহাদেব মন্দিরে আজ এক রক্তদান, স্বাস্থ্য শিবির ও বস্ত্র বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা জগন্নাথ জিও মন্দিরের মহারাজ ভক্তি

কমল বৈষ্ণব, বিজেপি জেলা সভাপতি অসীম ভট্টাচার্য, আগরতলা প্রেসক্লাবের সভাপতি প্রণব সরকার প্রমুখ| শিবিরে ২৫ জন রক্তদান করেন।

**************************

**Weather:**

আগামী ২৪ ঘণ্টা রাজ্যের গোমতী, সিপাহীজলা, দক্ষিণ এবং পশ্চিম জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় 8০ থেকে ৫০  কিলোমিটার বেগে ঝড়ো হওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।

**************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে উদ্বোধনী খেলায় বিবেকানন্দ ক্লাব ১-0 গোলে ইয়ুথ ক্লাবকে পরাজিত করে। আসরের উদ্বোধন করেন প্রাক্তন ফুটবলার অভিজিৎ বণিক। এই আসরে মোট ১৬টি দল অংশ নিয়েছে।

**************************

**Women Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া টি-২0 সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতায় আজ তিনটি মাঠে মোট ছয়টি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে দুটি খেলায় চাম্পামুড়া কোচিং সেন্টার ১২৩ রানে এডি নগর কোচিং সেন্টারকে এবং জিবি প্লে সেন্টার ৩৩ রানে বিদ্যাসাগর কোচিং

সেন্টারকে পরাজিত করে। এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় ইউনাইটেড ফ্রেন্ডস ৭২ রানে কর্ণেল কোচিং সেন্টারকে এবং আগরতলা কোচিং সেন্টার ১ রানে ইউনাইটেড বি এস টি'কে হারিয়ে দেয়। এছাড়া মেলাঘরের মাঠে দুটি খেলায় এগিয়ে চলো সংঘ ১৩২ রানে নিউ প্লে সেন্টারকে এবং ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টার ৩৪ রানে প্রগতি প্লে সেন্টারকে পরাজিত করে।

**************************

**************************